

সাকুলার নংঃ বিজিএ/এমআইএস/২০২৩/ ২৭৪

তারিখঃ ২৬/০৭/২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : দাখিলকৃত ইউডি'তে সঠিক eBIN নাম্বার হালনাগাদকরণ প্রসঙ্গে।


আপনারা সকলে অবগত আছেন যে, ইউডি দাখিল সংক্রান্ত সকল কার্যক্রম দীর্ঘদিন ধরে অনলাইন ব্যবস্থার মাধ্যমে সম্পাদন হচ্ছে এবং জাতীয় রাজস্ব বোর্ড ও বন্ড কমিশনারেট বিজিএমইএ'র ইউডি সফটওয়্যারের সাথে সংযুক্ত রয়েছে। দ্রুততার সাথে কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে API System এর মাধ্যমে বিজিএমইএ'র ইউডি সফটওয়্যারের তথ্য অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস বন্ড ম্যানেজমেন্ট সিস্টেমের সাথে আদান-প্রদান করা হয়।

জাতীয় রাজস্ব বোর্ড হতে জানানো হয় যে, বিজিএমইএ হতে দাখিলকৃত ইউডি'তে অধিকাংশ প্রতিষ্ঠানের eBIN নাম্বার উল্লেখ না থাকা/ভুল থাকার কারণে ইউডি দাখিল পরবর্তী কার্যাবলী সম্পাদনে জটিলতা দেখা দিয়েছে এবং প্রতিষ্ঠানের সঠিক তথ্য সম্পর্কে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে।

উল্লেখ্য, বিজিএমইএ'র ইউডি সফটওয়্যারের member info page-এ গিয়ে ১৩ ডিজিটের সঠিক eBIN রেজিস্ট্রেশন নাম্বার সংযুক্ত করে হালনাগাদ করতে হবে।

আমাদানি-রপ্তানি কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে সম্পাদনের নিমিত্তে দাখিলকৃত ইউডি'তে সকল প্রতিষ্ঠানের সঠিক eBIN নাম্বার প্রদানপূর্বক হালনাগাদ করার জন্য বিনীত অনুরোধ করা হলো। অন্যথায় ইউডি জারী সংক্রান্ত কার্যক্রমে জটিলতা সৃষ্টি হতে পারে।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •